দূরালাপনীঃ+৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website : www.cnfctg.org, www.cnfctg@yahoo.com
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড়, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৩৫/২০২৩/ তারিখঃ২৪/০৫/২০২৩খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

**বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের সিএন্ডএফ এজেন্ট নিয়োগের টেন্ডারে অংশগ্রহনের জন্য এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত বাধ্যতামূলক নিম্নতম কমিশন হার ও টেন্ডার সংক্রান্ত নীতিমালার বিষয়ে সি এন্ড এফ এজেন্টগণের দৃষ্টি আকর্ষণ।**

অত্র এসোসিয়েশনের সদস্য সি এন্ড এফ এজেন্টগণের ব্যবসায়িক স্বার্থ সুরক্ষায় সাধারণ সভার অনুমোদনক্রমে এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত বাধ্যতামূলক নিম্নতম কমিশন হার ও টেন্ডার সংক্রান্ত নীতিমালা ০১/০১/১৯৯৪খ্রিঃ তারিখ হইতে কার্যকর করা হয়। তৎপরবর্তীতে বাস্তবতা বিবেচনায় টেন্ডার সংক্রান্ত নীতিমালা সাধারণ সভার অনুমোদনক্রমে বাস্তবমুখী ও সময়োপযোগী করিয়া একাধিকবার সংশোধন/সংযোজন করা হয়। এই ধারাবাহিকতায় এসোসিয়েশনের টেন্ডার সংক্রান্ত নীতিমালা সংশোধন/সংযোজনের মাধ্যমে বাস্তবমুখী ও সময়োপযোগী করিবার লক্ষ্যে ১৪/০২/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত টেন্ডার, ভ্যাট ও নিম্নতম কমিশন বিষয়ক উপ-কমিটির সভায় সম্মানিত সিএন্ডএফ এজেন্টগণের নিকট হইতে প্রচার প্রত্রের মাধ্যমে মতামত/প্রস্তাব আহবান করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এসোসিয়েশনের প্রচারপত্র নং- ১০/২০২৩ তারিখ- ১৬/০২/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে টেন্ডার নীতিমালা সংশোধন/সংযোজনকল্পে সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টগণের নিকট হইতে মতামত/প্রস্তাব আহবান করা হয়। উক্ত প্রচার পত্রের প্রেক্ষিতে ০৬ (ছয়)টি সি এন্ড এফ প্রতিষ্ঠানের নিকট হইতে মতামত/প্রস্তাব পাওয়া যায়। সিএন্ডএফ এজেন্টগণের নিকট হইতে প্রাপ্ত মতামত/প্রস্তাব পর্যালোচনা পূর্বক বিগত ২১/০৩/২০২৩খ্রিঃ এবং ০৫/০৪/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত টেন্ডার, ভ্যাট ও নিম্নতম কমিশন বিষয়ক উপ-কমিটির বৈঠকে নীতিমালার কতিপয় ধারা ও উপ-ধারা সংশোধন/সংযোজনের প্রস্তাব করা হয়। প্রস্তাব সমূহ ৩০/০৪/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত কার্যনির্বাহী পরিষদের ১৪ তম সভায় অনুমোদন করা হয়। কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোধিত প্রস্তাবসমূহ ১৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত এসোসিয়েশনের ৩৬ তম বার্ষিক সাধারন সভায় অনুমোদিত হয়। নীতিমালার সংশোধিত ধারা, উপ-ধারা সমূহ পরিপালনে সদস্য সিএন্ডএফ এজেন্টগনের অধিকতর অনুধাবনের সুবিধার্থে একটি নির্দেশিকাসহ টেন্ডার সংক্রান্ত পূর্নাঙ্গ নীতিমালা এতদসংগে সংযুক্ত করিয়া প্রচার করা হইল। সংশোধিত নীতিমালা ১লা জুন' ২০২৩খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইয়া তৎপরবর্তীতে অনুষ্ঠিত টেন্ডার সমূহের জন্য প্রযোজ্য হইবে।

কাজী মাহমুদ ইমাম (বিলু)
সাধারণ সম্পাদক
চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

বিগত ১৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত এসোসিয়েশনের ৩৬তম বার্ষিক সাধারণ সভায় টেন্ডার নীতিমালার কতিপয় ধারা, উপ-ধারা সংশোধন/সংযোজন করা হয়। সংশোধিত/সংযোজিত ধারা, উপ-ধারা সমূহ পরিপালনে সদস্য সি এন্ড এফ এজেন্টগণের অধিকতর অনুধাবনের সুবিধার্থে নিম্নে একটি নির্দেশিকা প্রদান করা হইল।

অনুচ্ছেদ নং-৫

| বর্তমান বিধান | সংশোধিত বিধান |
|---|---|
| বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বার্থ অপারেটরের জন্য নির্ধারিত ডেলিভারী চার্জ /মার্চেন্ট লেবারদের নির্ধারিত চার্জ (At Actual) মোতাবেক বন্দরের অভ্যন্তরে পণ্য লোডিং-আনলোডিং চার্জ (যাহা প্রচলিত থাকে) আমদানী-রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। বন্দরের বাহিরে পণ্য লোডিং-আনলোডিং চার্জ প্রতি টন এবং ভগ্নাংশের জন্যে ১৫০/- টাকা (একশত পঞ্চাশ) টাকা হারে দর উদ্ধৃত করিতে হইবে। | ক) বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বার্থ অপারেটরের জন্য নির্ধারিত ডেলিভারী চার্জ /মার্চেন্ট লেবারদের নির্ধারিত চার্জ (At Actual) মোতাবেক বন্দরের অভ্যন্তরে পণ্য লোডিং/ আনলোডিং চার্জ (যাহা প্রচলিত থাকে) আমদানী-রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। বন্দরের বাহিরে পণ্য লোডিং/আনলোডিং চার্জ প্রতি টন এবং ভগ্নাংশের জন্যে ১৭০/- টাকা (একশত সত্তর) টাকা হারে দর উদ্ধৃত করিতে হইবে।<br><br>খ) বন্দরের বাহিরে যে কোন পণ্য যেভাবে লোডিং/আনলোডিং করা হোক না কেন অর্থাৎ শ্রমিকের মাধ্যমে, ক্রেন, হাইষ্টার এবং কোন যন্ত্রের মাধ্যমে অথবা ধাক্কা দিয়ে লোডিং/আনলোডিং অথবা স্থানান্তর করার জন্য প্রতি টন ও ভগ্নাংশের জন্য- ১৭০/-(একশত সত্তর) টাকা উল্লেখ করিতে হইবে। |

অনুচ্ছেদ নং-৭(ক)

| বর্তমান বিধান | সংশোধিত বিধান |
|---|---|
| ক) পণ্যাদির স্থানীয় পরিবহন ভাড়া চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশনের ধার্যকৃত ভাড়ার তালিকা মোতাবেক (যখন যাহা ছাপানো তালিকা অনুযায়ী নির্ধরিত থাকে) ট্রিপ ভিত্তিক আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। নির্ধারিত ভাড়ার সহিত ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন, বন্দরের গেইট পাশ এর টাকা এবং পরিবহন ভ্যাট এট একচুয়াল আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। অর্থাৎ ট্রিপ ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া+ ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন ১০০/- টাকা+বন্দরের গেইট পাশ ৫০/- টাকা + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।<br>দরপত্রে টনভিত্তিতে পরিবহন দর চাওয়া হইলেঃ<br>প্রতিট্রিপ ৬.৫০ মেঃ টন (সাড়ে ছয় মেঃ টন) এর ক্ষেত্রে নিন্মোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।<br>ট্রিপের আনুপাতিক হারে টন ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের পরিবহন কমিশন ১৬/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের গেইট পাশ ৭.৭০/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে। | ক) পণ্যাদির স্থানীয় পরিবহন ভাড়া চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশনের ধার্যকৃত ভাড়ার তালিকা মোতাবেক (যখন যাহা ছাপানো তালিকা অনুযায়ী নির্ধরিত থাকে) ট্রিপ ভিত্তিক আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। নির্ধারিত ভাড়ার সহিত ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন, বন্দরের গেইট পাশ এর টাকা এবং পরিবহন ভ্যাট এট একচুয়াল আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। অর্থাৎ ট্রিপ ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া+ ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন ১০০/- টাকা+বন্দরের গেইট পাশ ৫০/- টাকা + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।<br>দরপত্রে টনভিত্তিতে পরিবহন দর চাওয়া হইলেঃ<br>প্রতিট্রিপ ৬.৫০ মেঃ টন (সাড়ে ছয় মেঃ টন) এর ক্ষেত্রে নিন্মোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।<br>ট্রিপের আনুপাতিক হারে টন ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের পরিবহন কমিশন ১৬/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের গেইট পাশ ৭.৭০/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে। |

| | |
|---|---|
| প্রতিট্রিপ ৮ মেঃ টন (আট মেঃ টন) এর ক্ষেত্রে নিন্মোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।<br>ট্রিপের আনুপাতিক হারে টন ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের পরিবহন কমিশন ১২.৫০/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের গেইট পাশ ৬.২৫/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে। | প্রতিট্রিপ ৮ মেঃ টন (আট মেঃ টন) এর ক্ষেত্রে নিন্মোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।<br>ট্রিপের আনুপাতিক হারে টন ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের পরিবহন কমিশন ১২.৫০/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের গেইট পাশ ৬.২৫/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।<br><br><u>দরপত্রে কেজি ভিত্তিতে পরিবহন দর চাওয়া হইলেঃ</u><br>প্রতিট্রিপ ৬.৫০ মেঃ টন (সাড়ে ছয় মেঃ টন) এর ক্ষেত্রে নিন্মোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।<br>ট্রিপের আনুপাতিক হারে কেজি ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির পরিবহন কমিশন ০.০১৬/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির গেইট পাশ ০.০০৭৭/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।<br>প্রতিট্রিপ ৮ মেঃ টন (আট মেঃ টন) এর ক্ষেত্রে নিন্মোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।<br>ট্রিপের আনুপাতিক হারে কেজি ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির পরিবহন কমিশন ০.০১২৫/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির গেইট পাশ ০.০০৬২৫/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।<br>চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশনের ধার্যকৃত ভাড়ার তালিকা মোতাবেক (যখন যাহা ছাপানো তালিকা অনুযায়ী নির্ধরিত থাকে) স্থানীয়ভাবে কাভার্ড ভ্যানের মাধ্যমে পণ্য পরিবহন এর ক্ষেত্রেও একই দর প্রযোজ্য হবে। নির্ধারিত ভাড়ার সহিত ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন, বন্দরের গেইট পাশ এর টাকা এবং পরিবহন ভ্যাট এট একচুয়াল আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। |

অনুচ্ছেদ নং-৭(ঙ)

| বর্তমান বিধান | সংশোধিত বিধান |
|---|---|
| আন্তঃজিলা পরিবহনের ক্ষেত্রে (চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত স্থান সমূহ বহির্ভুত) দেশের যে কোন অঞ্চলে পণ্য পরিবহনের ক্ষেত্রে নূন্যতম পরিবহন ভাড়া হইবেঃ-<br>ট্রাক/ কাভার্ড ভ্যান প্রতিট্রিপ সর্বসাকুল্যে ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>ট্রেইলার প্রতিট্রিপ সর্বসাকুল্যে ২০,০০০/- (বিশ হাজার) টাকা। | আন্তঃজিলা পরিবহনের ক্ষেত্রে নির্ধারিত ভাড়াঃ-<br>১। **চট্টগ্রাম বিভাগঃ**- (চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত স্থানসমূহ বর্হিভূত এলাকার জন্য) ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বারো) মেঃ টন সর্বসাকুল্যে - ১২,০০০/-( বারো হাজার) টাকা<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে - ১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>২। **ঢাকা বিভাগঃ**-<br>ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বারো) মেঃ টন সর্বসাকুল্যে - ১৬,০০০/- (ষোল হাজার) টাকা।<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা।<br>৩। **সিলেট বিভাগঃ**-<br>ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে - ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা।।<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা।<br>৪। **বরিশাল বিভাগঃ**-<br>ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে- ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকা।<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা।<br>৫। **খুলনা বিভাগঃ**-<br>ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে- ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা।<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে- ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা।<br>৬। **রাজশাহী বিভাগঃ**-<br>ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে- ২৩,০০০/-(তেইশ হাজার) টাকা।<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকা।<br>৭। **রংপুর বিভাগঃ**-<br>ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে- ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকা।<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।<br>৮। **ময়মনসিংহ বিভাগঃ**-<br>ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে- ২০,০০০/-(বিশ হাজার) টাকা।<br>ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে - ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা।<br>৯। যে সকল পণ্য ট্রাক/কাভার্ড ভ্যান অথবা ট্রেইলার এর মাধ্যমে পরিবহন না করে ড্রাইভার দিয়া চালাইয়া নিতে হয় সে ক্ষেত্রে প্রতি ড্রাইভার এর জন্যে ন্যূনতম ১০০০/-(এক হাজার) টাকা ড্রাইভার খরচ দরপত্রে অবশ্যই উল্লেখ করিতে হইবে।<br>১০। দরপত্র আহ্বানকারী সংস্থা/প্রতিষ্ঠান এর চাহিদা অনুযায়ী প্রতি ট্রিপের ওজন ১২(বারো) মেঃ টন এর আনুপাতিক হারে দরপত্রে প্রতি কেজি ও প্রতি টনের ভাড়া উদ্ধৃত করা যাইবে। তবে গন্তব্যস্থল অনুযায়ী প্রতি ট্রিপ এর ন্যূনতম ভাড়া দরপত্রে অবশ্যই উল্লেখ করিতে হইবে। |

অনুচ্ছেদ নং-৩০

| | নতুনভাবে সংযোজিত বিধান |
|---|---|
| | যে ক্ষেত্রে নীতিমালায় কোন দর নির্ধারিত নাই সেই ক্ষেত্রে যুক্তিসংগত ও বাস্তবভিত্তিক দর উল্লেখ করিতে হইবে। কোন অবস্থাতেই অবাস্তব ও অযৌক্তিক দর উল্লেখ করা যাইবে না। অবাস্তব ও অযৌক্তিক দর উল্লেখ করা হইলে উহা গ্রহণযোগ্য হইবে না এবং নীতিমালা পরিপন্থী হিসাবে বিবেচনা করা হইবে। |

কাজী মাহমুদ ইমাম বিলু
সাধারণ সম্পাদক
চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস এসোসিয়েশন

দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

## টেন্ডারে অংশগ্রহণকারী সকল সি এন্ড এফ এজেন্টদের জন্য অবশ্য পালনীয় সাধারণ নিয়মাবলী

১। বাধ্যতামূলক নিম্নতম কমিশন হারঃ

(ক) আমদানী চালানের শুল্কায়নযোগ্য মূল্যঃ

| | |
|---|---|
| (১) ১ম ৫,০০,০০০/- টাকা পর্যন্ত | ১.০০% |
| (২) ২য় ৫,০০,০০০/- টাকা পর্যন্ত | ০.৭৫% |
| (৩) ৩য় ১০,০০,০০০/- টাকা পর্যন্ত | ০.৫০% |
| (৪) পরবর্তী টাকা পর্যন্ত | ০.২৫% |
| (৫) ন্যূনতম সার্ভিস চার্জ | ১,০০০/- টাকা |
| (৬) এক্সবন্ড প্রতি ডকুমেন্ট ন্যূনতম কমিশন সর্বসাকুল্যে | ১,০০০/- টাকা |

(খ) রপ্তানী চালান শুল্কায়নযোগ্য এফ ও বি অথবা সি এন্ড এফ ঘোষিত মূল্য প্রতি চালানেঃ

| | |
|---|---|
| (১) ১ম ১০,০০,০০০/- টাকা পর্যন্ত | ০.৫০% |
| (২) ২য় ১০,০০,০০০/- টাকা পর্যন্ত | ০.৩০% |
| (৩) পরবর্তী টাকা পর্যন্ত | ০.২০% |
| (৪) ন্যূনতম সার্ভিস চার্জ | ১,০০০/- টাকা |

(গ) পাট ও পাটজাত দ্রব্যের নিম্নতম কমিশন হার ঃ

সি,বি,সি হেসিয়ান ক্লথ/শীট,জুট ব্যাগ,বি,টুইল ইত্যাদি

| | | |
|---|---|---|
| পাটজাত দ্রব্যের কমিশন প্রতি বেল/রোল | - | টাকা ১০.০০ |
| প্রতি কনসাইনমেন্ট ন্যূনতম সার্ভিস চার্জ | - | টাকা ১,০০০.০০ |
| অন্যান্য পাটজাত দ্রব্যের ( রোল বা বেল নয়) কমিশন প্রতি ট্রাস/বান্ডেল/প্যাকেজ | - | টাকা ৪.০০ |
| কার্পেটঃ বড় সাইজের কার্পেট একাধিক পিসের প্রতি বেল/রোল | - | টাকা ১০.০০ |
| ছোট কার্পেট (মিনি রাগস) এর এক পিসের রোলের জন্য | - | টাকা ২.৫০ |
| কাঁচা পাটের প্রতি বেলের কমিশনের হার | - | টাকা ৭.০০ |
| ন্যূনতম সার্ভিস চার্জ | - | টাকা ১,০০০.০০ |

(ঘ) মাছ, শ্রিম্প এবং ব্যাঙের পায়ের প্রতি মাষ্টার কার্টুনের জন্য নিম্নতম কমিশন — টাকা ৩.০০
প্রতি কনসাইনমেন্টের জন্য ন্যূনতম কমিশন — টাকা ১,০০০.০০

২। সরকার ঘোষিত নিয়মানুযায়ী আমদানী/রপ্তানীর ক্ষেত্রে নির্ধারিত সি এন্ড এফ কমিশন/সার্ভিস চার্জের মূসক (যাহা আমদানী/রপ্তানীকারকের পক্ষে বিল অব এন্ট্রির মাধ্যমে সি এন্ড এফ এজেন্ট পরিশোধ করে) আমদানী / রপ্তানীকারক কর্তৃক পরিশোধযোগ্য মর্মে দরপত্র সিডিউলে অবশ্যই উল্লেখ করিতে হইবে।

৩। সি এন্ড এফ কমিশনের সাথে ভ্যাট বা অন্য কোন খরচকে যুক্তভাবে দেখাইবার কোন অবকাশ নাই। কারণ কমিশনের উপরই ভ্যাট ধার্য করা হয়।

(ক) আমদানী/রপ্তানীকারকের মালামাল খালাস এবং জাহাজীকরণ বিলম্ব পরিহার করিয়া কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে সি এন্ড এফ কমিশনের উপর প্রদেয় অগ্রিম আয়কর সংশ্লিষ্ট আমদানী/রপ্তানীকারক ইচ্ছা করিলে প্রদান করিতে পারিবেন। পরবর্তীতে সংশ্লিষ্ট সি এন্ড এফ বিল চূড়ান্তভাবে পরিশোধ করার সময় সি এন্ড এফ কমিশনের উপর প্রদত্ত প্রকৃত (At Actual) আয়কর সংশ্লিষ্ট আমদানী/রপ্তানীকারক অবশ্যই কটিয়া নেওয়ার অধিকার সংরক্ষণ করিবেন।

৪। শুল্ক/বন্দর কর্তৃপক্ষ,শিপিং এজেন্ট,সার্ভে/ইনসুরেন্স কোম্পানী কর্তৃক রসিদ মুলে গৃহীত প্রকৃত (At Actual) খরচ আমদানী/রপ্তানীকারক কর্তৃক পরিশোধযোগ্য বলিয়া দাখিলকৃত দরপত্রে (প্রয়োজনে) অবশ্যই উল্লেখ করিতে হইবে। কমিশন হইতে এই খরচ কর্তন বা কমিশন এর সহিত এই খরচ যুক্তভাবে দেখানো যাইবে না।

৫। ক) বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বার্থ অপারেটরের জন্য নির্ধারিত ডেলিভারী চার্জ /মার্চেন্ট লেবারদের নির্ধারিত চার্জ (At Actual) মোতাবেক বন্দরের অভ্যন্তরে পণ্য লোডিং/আনলোডিং চার্জ (যাহা প্রচলিত থাকে) আমদানী-রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। বন্দরের বাহিরে পণ্য লোডিং/আনলোডিং চার্জ প্রতি টন এবং ভগ্নাংশের জন্যে ১৭০/- (একশত সত্তর) টাকা হারে দর উদ্ধৃত করিতে হইবে।

খ) বন্দরের বাহিরে যে কোন পণ্য যেভাবে লোডিং/আনলোডিং করা হোক না কেন অর্থাৎ শ্রমিকের মাধ্যমে, ক্রেন, হাইষ্টার এবং কোন যন্ত্রের মাধ্যমে অথবা ধাক্কা দিয়ে লোডিং/আনলোডিং অথবা স্থানান্তর করার জন্য প্রতি টন ও ভগ্নাংশের জন্য- ১৭০/-(একশত সত্তর) টাকা উল্লেখ করিতে হইবে।

৬। বাণিজ্য বাটা বা অনুরূপ কোন সুবিধা প্রদানের নামে এসোসিয়েশনের বাধ্যতামূলক নিম্নতম কমিশন ও ভ্যাট সংক্রান্ত নীতিমালা ভঙ্গ করা যাইবে না।

৭। পরিবহন ভাড়া।

ক) পণ্যাদির স্থানীয় পরিবহন ভাড়া চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশনের ধার্যকৃত ভাড়ার তালিকা মোতাবেক (যখন যাহা ছাপানো তালিকা অনুযায়ী নির্ধরিত থাকে) ট্রিপ ভিত্তিক আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। নির্ধারিত ভাড়ার সহিত ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন, বন্দরের গেইট পাশ এর টাকা এবং পরিবহন ভ্যাট এট একচুয়াল আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে। অর্থাৎ ট্রিপ ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া+ ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন ১০০/- টাকা+বন্দরের গেইট পাশ ৫০/- টাকা + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।

<u>দরপত্রে টনভিত্তিতে পরিবহন দর চাওয়া হইলেঃ</u>

প্রতিট্রিপ ৬.৫০ মেঃ টন (সাড়ে ছয় মেঃ টন) এর ক্ষেত্রে নিম্নোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।

ট্রিপের আনুপাতিক হারে টন ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের পরিবহন কমিশন ১৬/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের গেইট পাশ ৭.৭০/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।

প্রতিট্রিপ ৮ মেঃ টন (আট মেঃ টন) এর ক্ষেত্রে নিম্নোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।

ট্রিপের আনুপাতিক হারে টন ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের পরিবহন কমিশন ১২.৫০/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি টনের গেইট পাশ ৬.২৫/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।

<u>দরপত্রে কেজি ভিত্তিতে পরিবহন দর চাওয়া হইলেঃ</u>

প্রতিট্রিপ ৬.৫০ মেঃ টন (সাড়ে ছয় মেঃ টন) এর ক্ষেত্রে নিম্নোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।

ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজি ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির পরিবহন কমিশন ০.০১৬/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির গেইট পাশ ০.০০৭৭/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।

প্রতিট্রিপ ৮ মেঃ টন (আট মেঃ টন) এর ক্ষেত্রে নিম্নোক্তভাবে দর উল্লেখ করিতে হইবে।

ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজি ভিত্তিক নির্ধারিত স্থানীয় ট্রাক ভাড়া + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির পরিবহন কমিশন ০.০১২৫/- + ট্রিপের আনুপাতিক হারে প্রতি কেজির গেইট পাশ ০.০০৬২৫/- + ভ্যাট এট একচুয়াল হিসাবে টেন্ডারে পরিবহন ভাড়া উল্লেখ করিতে হইবে।

চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশনের ধার্যকৃত ভাড়ার তালিকা মোতাবেক (যখন যাহা ছাপানো তালিকা অনুযায়ী নির্ধরিত থাকে) স্থানীয়ভাবে কাভার্ড ভ্যানের মাধ্যমে পণ্য পরিবহন এর ক্ষেত্রেও একই দর প্রযোজ্য হইবে। নির্ধারিত ভাড়ার সহিত ট্রিপ ভিত্তিক পরিবহন কমিশন, বন্দরের গেইট পাশ এর টাকা এবং পরিবহন ভ্যাট এট একচুয়াল আমদানী/রপ্তানীকারক কর্তৃক প্রদেয় হইবে।

খ। কোষ্টারযোগে মালামাল পরিবহনের ক্ষেত্রে বিআইডব্লিউটিসি কর্তৃক নির্ধারিত দর টেন্ডারে অংশগ্রহণকারীগণকে মানিয়া চলিতে হইবে। তাহা হইতে কম উল্লেখ করিলে নীতিমালা ভঙ্গ হইয়াছে বলিয়া গণ্য করা হইবে।

গ। ন্যূনতম স্থানীয় পরিবহন ভাড়া হইবে স্থানভিত্তিক ১(এক)ট্রিপের সম-পরিমান ভাড়া+ পরিবহন কমিশন ১০০/- টাকা + বন্দরের গেইট পাশ ৫০/-টাকা +ভ্যাট এট একুচয়্যাল।

ঘ। স্থানীয়ভাবে ট্রেইলার এর মাধ্যমে পণ্য পরিবহনের ন্যূনতম ভাড়া হইবে প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৯,০০০/- (নয় হাজার) টাকা।

ঙ। আন্তঃজিলা পরিবহনের ক্ষেত্রে নির্ধারিত ভাড়াঃ-

**১। চট্টগ্রাম বিভাগঃ- (চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত স্থানসমূহ বর্হিভূত এলাকার জন্য)**

ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বারো) মেঃ টন সর্বসাকুল্যে -১২,০০০/-(বারো হাজার) টাকা
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে - ১৫,০০০/-(পনের হাজার) টাকা।

**২। ঢাকা বিভাগঃ-**
ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বারো) মেঃ টন সর্বসাকুল্যে -১৬,০০০/- (ষোল হাজার) টাকা।
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৩৩,০০০/- (তেত্রিশ হাজার) টাকা।

**৩। সিলেট বিভাগঃ-**
ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে -১৮,০০০/- (আঠারো হাজার) টাকা।।
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা।

**৪। বরিশাল বিভাগঃ-**
ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে -২৪,০০০/-( চব্বিশ হাজার) টাকা।
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা।

**৫। খুলনা বিভাগঃ-**
ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে -২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা।
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে - ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা।

**৬। রাজশাহী বিভাগঃ-**
ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে -২৩,০০০/-(তেইশ হাজার) টাকা।
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকা।

**৭। রংপুর বিভাগঃ-**
ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে -২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকা।
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

**৮। ময়মনসিংহ বিভাগঃ-**
ট্রাক/কাভার্ড ভ্যান প্রতি ট্রিপ ১২(বার) মেঃ টন সর্বসাকুল্যে -২০,০০০/-(বিশ হাজার) টাকা।
ট্রেইলার প্রতি ট্রিপ সর্বসাকুল্যে - ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা।

৯। যে সকল পণ্য ট্রাক/কাভার্ড ভ্যান অথবা ট্রেইলার এর মাধ্যমে পরিবহন না করে ড্রাইভার দিয়া চালাইয়া নিতে হয় সে ক্ষেত্রে প্রতি ড্রাইভার এর জন্য ন্যূনতম ১০০০/-(এক হাজার) টাকা ড্রাইভার খরচ দরপত্রে অবশ্যই উল্লেখ করিতে হইবে।

১০। দরপত্র আহবানকারী সংস্থা/প্রতিষ্ঠান এর চাহিদা অনুযায়ী প্রতি ট্রিপের ওজন ১২(বারো) মেঃ টন এর আনুপাতিক হারে দরপত্রে প্রতি কেজি ও প্রতি টনের ভাড়া উদ্ধৃত করা যাইবে। তবে গন্তব্যস্থল অনুযায়ী প্রতি ট্রিপ এর ন্যূনতম ভাড়া দরপত্রে অবশ্যই উল্লেখ করিতে হইবে।

চ। পণ্য ডেলিভারী বা পরিবহনের ব্যাপারে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত অফিসার/স্কর্টদের ওভারটাইম প্রকৃত পরিমান (At Actual) আমদানী-রপ্তানীকারককে পরিশোধ করিতে হইবে।

ছ। স্থানীয় পরিবহন ভাড়ার উপর আরোপিত ভ্যাট এট একচুয়্যাল আমদানীকারক কর্তৃক প্রদেয় হইবে।

০৮। কোন প্রতিষ্ঠানের সি এন্ড এফ কার্যাদি সম্পাদনার্থে কোন সি এন্ড এফ এজেন্ট অফার(লেটার অব ইনটেন্ট ) প্রাপ্ত হইলে, উহার ফটোকপি ৪(চার) কর্মদিবসের মধ্যে এসোসিয়েশনে দাখিল করিতে হইবে। এই অফার এসোসিয়েশনের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদিত হইলেই কেবলমাত্র চুক্তি সম্পাদন করা যাইবে এবং জামানতের টাকা জমা প্রদান করা যাইবে। নির্ধারিত সময়ের মধ্যে 'লেটার অব ইনটেন্ট' এসোসিয়েশনে দাখিল না করিলে সর্বনিম্ন ৫,০০০/- টাকা জরিমানা প্রদান করিতে হইবে। তবে কোন অবস্থাতেই দাখিলের সময়সীমা ৭(সাত) কর্মদিবস অতিক্রম করিতে পারিবেনা।

০৯। ক্রমিক ৮ এ বর্ণিত নীতি অনুযায়ী সম্পাদিত চুক্তিপত্রের স্ব-সত্যায়িত ফটোকপি ৫(পাঁচ)কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টকে এসোসিয়েশনে দাখিল করিতে হইবে।

১০। কোন আমদানী/রপ্তানীকারক কোন সি এন্ড এফ এজেন্টের পাওনা বকেয়া রাখিয়া অন্য কোন সি এন্ড এফ এজেন্টকে কাজ প্রদান করিতে পারিবেনা। অন্য কোন সি এন্ড এফ এজেন্টকে নিয়োগ করিতে হইলে পূর্বতন সি এন্ড এফ এজেন্টের পাওনা চূড়ান্তভাবে পরিশোধ করিতে হইবে।প্রয়োজন হইলে পূর্বতন সি এন্ড এফ এজেন্টের নিকট হইতে তাহাদের কোন পাওনা বকেয়া নাই মর্মে অনাপত্তি পত্র গ্রহণ পূর্বক নতুন নিয়োগকৃত সি এন্ড এফ এজেন্টকে প্রদান করিতে হইবে। পাওনা সংক্রান্ত বিষয়ে আমদানী-রপ্তানীকারক ও সি এন্ড এফ এজেন্টের মধ্যে কোন বিরোধ দেখা দিলে প্রয়োজনে এসোসিয়েশনের সালিসি উপ-কমিটির সাহায্যে সি এন্ড এফ এজেন্টের পাওনা পরিশোধ নিশ্চিত করিতে হইবে।

১১। কোন আমদানী/রপ্তানীকারক এসোসিয়েশনের নির্ধারিত নীতিমালা বহির্ভূত ফরমেট/শর্ত আরোপ করিয়া দরপত্র আহ্বান করিলেও কোন সদস্য সি এন্ড এফ এজেন্ট উক্ত দরপত্রের নীতিমালা পরিপন্থী শর্ত মানিয়া দর দাখিল করিতে পারিবেন না। প্রয়োজনে সীল সহি সহকারে সাদা কাগজে কিংবা নিজ নিজ লেটার প্যাডে এসোসিয়েশনের নির্ধারিত কমিশন হার ও নীতিমালা মোতাবেক দর/শর্ত উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করিতে পারিবেন।

১২। ব্যবসায়িক স্বার্থের কারণে সি এন্ড এফ এজেন্টদের মধ্যে কোন মতপার্থক্য/বিরোধ দেখা দিলে তাহা এসোসিয়েশনের কমিটির (টেন্ডার,ভ্যাট ও নিম্নতম কমিশন বিষয়ক উপ-কমিটি) মধ্যস্থতায় নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিতে হইবে এবং কমিটির পরামর্শ ব্যতিরেকে আমদানী/রপ্তানীকারক বা অন্য কোন সংস্থার সহিত এই ব্যাপারে সরাসরি পত্রালাপ করা যাইবে না।

১৩। দরপত্রে যে দর ও শর্ত লিখিত থাকুক না কেন এসোসিয়েশনের টেন্ডার সংক্রান্ত মূল নীতিমালা মোতাবেক দর ও শর্ত উল্লেখ করিয়া সি এন্ড এফ এজেন্টগণকে টেন্ডারে অংশগ্রহণ করিতে হইবে। টেন্ডারে দাখিলকৃত দর ও শর্তের উপরই টেন্ডার,ভ্যাট ও নিম্নতম কমিশন বিষয়ক উপ-কমিটির সিদ্ধান্ত কার্যকর হইবে। পরবর্তীতে দাখিলকৃত ঐ দর ও শর্ত সংযোজন, বিয়োজন বা সংশোধন করা যাইবে না। পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রি-টেন্ডারেও ঐ টেন্ডারের নীতিমালা ভংগকারী কোন সি এন্ড এফ এজেন্ট অংশগ্রহন করিতে পারিবেনা।

১৪। সি এন্ড এফ এজেন্টদের সার্বিক স্বার্থ রক্ষার্থে সাধারণ সভার অনুমোদনক্রমে গৃহীত নীতিমালা এসোসিয়েশনের গঠনতন্ত্রের অংশ হিসাবে সকল সদস্যদের অবশ্যই পালনীয় বিধিমালারূপে গণ্য হইবে।

১৫। যে সকল সি এন্ড এফ এজেন্ট, এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত নীতিমালা ভঙ্গ করিয়া টেন্ডারে অংশগ্রহণ করিয়াছেন বা কর্মরত আছেন বা ভবিষ্যতে করিবেন, তাঁহাদের বিরুদ্ধে এসোসিয়েশনের সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদনের ভিত্তিতে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গৃহীত হইবে।

১৬। (ক) কোন প্রতিষ্ঠানের কার্য সম্পাদনের জন্য কোন সি এন্ড এফ এজেন্ট নীতিমালা ভিত্তিক দরে ১ (এক) বৎসরের জন্য চুক্তিবদ্ধ হইলে নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর সর্বোচ্চ আর ১(এক) বৎসর কাজ করিতে পারিবেন।

(খ) কোন প্রতিষ্ঠানের কার্যসম্পাদনের জন্য কোন সি এন্ড এফ এজেন্ট নীতিমালা ভিত্তিক দরে ২(দুই)/৩(তিন) বৎসরের জন্য চুক্তিবদ্ধ হইলে চুক্তির নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর কাজ করিতে পারিবেনা। তবে বিশেষ প্রয়োজনে নির্ধারিত মেয়াদের পর অতিরিক্ত সর্বোচ্চ ৬(ছয়) মাস কার্য সম্পাদন করিতে পারিবেন।

১৭। টেন্ডার সংক্রান্ত বিষয়ে আহ্বানকৃত সভা/বৈঠকে অভিযুক্ত/অভিযোগকারী কোন সি এন্ড এফ এজেন্ট কমিটি কর্তৃক গ্রহণযোগ্য কারণ পূর্বাহ্নে লিখিতভাবে না জানাইয়া অনুপস্থিত থাকিলে প্রতি সভা/বৈঠকে অনুপস্থিতির জন্য সর্বোচ্চ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা পর্যন্ত জরিমানা প্রদান করিতে হইবে।

১৮। (ক) কোন সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত নীতিমালা ভঙ্গ বা অমান্য করিয়া কোন টেন্ডারে অংশগ্রহণ করিলে, তাহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে সর্বনিম্ন ১০,০০০/- ( দশ হাজার ) টাকা জরিমানা প্রদান করিতে হইবে।

(খ) নীতিমালা বিরোধী সি এন্ড এফ চুক্তি সই করতঃ কার্য সম্পাদন করিলে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্ট যতটুকু সি এন্ড এফ কমিশন অর্জন করিবেন সেই পরিমান অর্থ জরিমানা হিসাবে এসোসিয়েশনকে অবশ্যই প্রদান করিতে হইবে। কাজ সম্পাদনের ২(দুই) মাসের মধ্যে সমুদয় কমিশন এসোসিয়েশন তহবিলে জমা না দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এসোসিয়েশনের সদস্যপদ নবায়ন স্থগিতসহ সমুদয় কাজ বন্ধ করা যাইবে।

১৯। টেন্ডারে অংশগ্রহণকারী কোন সি এন্ড এফ এজেন্ট যদি এসোসিয়েশনের বরাবরে অন্য কোন সি এন্ড এফ এজেন্টের বিরুদ্ধে অভিযোগ উথাপন করে, তবে তাঁহাকে প্রমাণ করিতে হইবে যে, তিনি নিজে এসোসিয়েশনের নীতিমালা অনুসরণ করিয়া দরপত্রে অংশগ্রহণ করিয়াছেন। যদি প্রমানিত হয় তিনি নিজেও নীতিমালা ভংগ করিয়া উক্ত টেন্ডারে অংশগ্রহণ করিয়াছেন, তবে তাঁহাকে সর্বনিম্ন ৫,০০০/- টাকা অতিরিক্ত জরিমানা প্রদান করিতে হইবে।

২০। টেন্ডারের বিপরীতে আদায়কৃত জরিমানার টাকা এসোসিয়েশনের তহবিলে গৃহীত সার্ভিস চার্জ হিসাবে গণ্য করা হইবে।

২১। নীতিমালা ভঙ্গকারী বলিয়া প্রমানিত হইয়া ১৮ নং শর্তে উল্লেখিত সিদ্ধান্ত অমান্য করিলে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টের এসোসিয়েশনের সদস্যপদ নবায়ন স্থগিতকরণসহ ১ম বার নীতিমালা ভংগের জন্য ২(দুই) বৎসর, ২য় বার নীতিমালা ভংগের জন্য ৩(তিন) বৎসর এবং ৩য় বার নীতিমালা ভংগের জন্য সর্বোচ্চ ৫(পাঁচ) বৎসরের জন্য টেন্ডারে অংশগ্রহণ অযোগ্য ঘোষনা করিতে পারিবেন। এই ব্যাপারে টেন্ডার, ভ্যাট ও নিম্মতম কমিশন বিষয়ক উপ-কমিটির সিদ্ধান্ত কার্যনির্বাহী কমিটির অনুমোদন পাইলে চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২২। এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত নীতিমালার ভিত্তিতে কোন ব্যাখ্যা/সিদ্ধান্তের প্রয়োজন হইলে টেন্ডার, ভ্যাট ও নিম্মতম কমিশন বিষয়ক উপ-কমিটি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা/সিদ্ধান্ত এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হইলে চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২৩। কোন সি এন্ড এফ প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হওয়ার পর উহার সত্যতা যাচাইপূর্বক সিদ্ধান্ত গ্রহণকল্পে দাখিলকৃত দরপত্রের ফটোকপি প্রেরণের জন্য এসোসিয়েশন হইতে পত্র প্রদান করা হইলে, সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টকে তাহা অবশ্যই পত্রে উল্লেখিত সময়ের মধ্যে এসোসিয়েশনে প্রেরণ করিতে হইবে। অন্যথায় তাহাদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সত্য বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং নীতিমালা অনুযায়ী তাহাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৪। টেন্ডারে অংশগ্রহনের জন্য Earnest Money( বায়নার টাকা) এবং চুক্তি সম্পাদনের জন্য Security Deposit (জামানত) হিসাবে Bank Guarantee /Pay Order /SDR /Demand Draft/ Cash(নগদ) /Saving Certificate প্রদান করা যাইবে।

২৫। সি এন্ড এফ এজেন্টগণ প্রয়োজনে সংশ্লিষ্ট আমদানী-রপ্তানীকারকের পক্ষে বন্দর/কাস্টমস/শিপিং এজেন্টে Claim সংক্রান্ত দাবীনামা পেশ করিবেন। উক্ত দাবী আদায় করার দায়-দায়িত্ব কোন অবস্থাতেই সি এন্ড এফ এজেন্টগনের উপর বর্তাইবেনা। দাবী আদায়ের অজুহাতে কোন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক সি এন্ড এফ এজেন্টগনের জামানত বা অন্য কোন পাওনা কোন অবস্থাতেই পরিশোধে বিলম্ব করিতে পারিবেনা মর্মে টেন্ডারে উল্লেখ করিতে হইবে।

২৬। নীতিমালা ভংগ করিয়া কোন সি এন্ড এফ এজেন্ট কোন প্রতিষ্ঠানের সি এন্ড এফ কাজ করিতে পারিবেনা। তবে জীবন রক্ষাকারী ঔষধ/চিকিৎসা সামগ্রী এবং পঁচনশীল দ্রব্যের কোন চালান বন্দরে অবতরণ করিলে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্ট সম্পাদিত চুক্তিপত্র ৭(সাত) কর্মদিবসের মধ্যে সমর্পণ (Surrender) করিবেন মর্মে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্টাম্পে অঙ্গীকারণামা প্রদান সাপেক্ষে শুধুমাত্র বন্দরে অবতরণকৃত ঐ একটি চালান বিশেষ বিবেচনায় খালাসের অনুমোদন দেওয়া যাইবে। তবে অনুমতি প্রদানের পূর্বে সি এন্ড এফ এজেন্টকে ঐ চালান খালাসের পর আর কোন চালান খালাস করিবেনা মর্মে জানাইয়া আমদানীকারককে পত্র প্রেরণ করিতে হইবে, যাহার কপি এসোসিয়েশনে প্রেরণ করিতে হইবে। পরবর্তীতে সি এন্ড এফ এজেন্টকে সম্পাদিত চুক্তিপত্র ৭(সাত) কর্ম দিবসের মধ্যে অবশ্যই সমর্পণ (Surrender) করিয়া প্রয়োজনীয় প্রমানপত্রসহ এসোসিয়েশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

২৭। অভিযোগকারী সি এন্ড এফ এজেন্টকে তাহার অভিযোগে নীতিমালা ভংগকারী সি এন্ড এফ এজেন্ট কোন্ কোন্ ক্ষেত্রে নীতিমালা ভংগ করিয়াছেন তাহা অবশ্যই সুনির্দ্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। অন্যথায় ঢালাওভাবে উত্থাপিত অভিযোগ গ্রহনযোগ্য হইবেনা এবং এতদ্ব্যাপারে কোনরূপ কার্যক্রম গ্রহণ করা হইবেনা। উত্থাপিত অভিযোগ অবশ্যই সঠিক হইতে হইবে। যদি প্রমানিত হয় তাহাদের উত্থাপিত অভিযোগ সঠিক নয় তাহা হইলে এইরূপ অভিযোগ উত্থাপনের জন্য তাহাদের উপর জরিমানা আরোপ করা যাইবে। অভিযোগকারী প্রতিষ্ঠানকে অভিযোগ পত্রের সহিত তাহাদের দাখিলকৃত দরপত্রের ফটোকপি এসোসিয়েশনে দাখিল করিতে হইবে, যাহাতে তাহাদের দরপত্রের সঠিকতা তাৎক্ষনিকভাবে যাচাই করা যায়।

২৮। টেন্ডার আহ্বানকারী কর্তৃপক্ষ টেন্ডারে নীতিমালা পরিপন্থী এবং কোন অবাস্তব, অযৌক্তিক ও আওতাবহির্ভূত শর্ত আরোপ করিলে এসোসিয়েশন এর টেন্ডার নীতিমালা অনুযায়ী অংশগ্রহণ করিতে পারিবেন। তবে সংশ্লিষ্ট শর্ত প্রত্যাহার করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে এসোসিয়েশন কর্তৃক অনুরোধ জানানো হইবে।

২৯। একই সি এন্ড এফ এজেন্ট কর্তৃক পর পর তিনবার এসোসিয়েশনের নীতিমালা ভঙ্গ করিয়া বিভিন্ন প্রতিষ্ঠানে টেন্ডার দাখিল করিলে উক্ত সি এন্ড এফ এজেন্ট কর্তৃক বর্তমানে প্রচলিত শাস্তির পাশা-পাশি পরবর্তী এক বছর কোন প্রতিষ্ঠানের টেন্ডারে অংশ গ্রহন করিতে পারিবেনা।

৩০। যে ক্ষেত্রে নীতিমালায় কোন দর নির্ধারিত নেই সেই ক্ষেত্রে যুক্তিসংগত ও বাস্তবভিত্তিক দর উল্লেখ করিতে হইবে। কোন অবস্থাতেই অবাস্তব ও অযৌক্তিক দর উল্লেখ করা যাইবে না। অবাস্তব ও অযৌক্তিক দর উল্লেখ করা হইলে উহা গ্রহণযোগ্য হইবে না এবং নীতিমালা পরিপন্থী হিসাবে বিবেচনা করা হইবে।

**কাজী মাহমুদ ইমাম বিলু**
সাধারণ সম্পাদক
চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস এসোসিয়েশন